



বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ

কৃষি/টেক্সটাইল শাখা

আগারগাঁও, শেরে-বাংলা নগর, ঢাকা -১২০৭

ওয়েব সাইট : www.bteb.gov.bd



স্মারক নং ৫৭.১৭.০০০০.৩১২.০২.৪৯৭.২৩.১২৮

তারিখঃ ১৮-০৫-২০২৩ খ্রিঃ

বিজ্ঞপ্তি

বিষয় : ডিপ্লোমা-ইন-টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং/এগ্রিকালচার/ফিসারিজ/লাইভস্টক ও ফরেস্ট্রি শিক্ষাক্রম পরীক্ষার প্রতিদিনের তথ্য বোর্ডে প্রেরণ প্রসঙ্গে।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন চলমান ডিপ্লোমা ইন টেক্সটাইল, ডিপ্লোমা ইন এগ্রিকালচার, ডিপ্লোমা ইন ফিসারিজ, ডিপ্লোমা ইন লাইভস্টক ও ডিপ্লোমা ইন ফরেস্ট্রি শিক্ষাক্রমের পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পাদন ও তথ্য সংগ্রহের জন্য শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের একটি এবং বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডে একটি কন্ট্রোল রুম খোলা হয়েছে। উক্ত কন্ট্রোল রুমে প্রতিদিনের প্রতি বেলায় তথ্য দ্রুততম সময়ে সংগ্রহের জন্য মোবাইল ফোন ও ই-মেইলে তথ্য সংগ্রহ ছাড়াও বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের Website- এ তথ্য সংগ্রহ করার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। প্রতিটি কেন্দ্র হতে সকাল ও বিকাল দুই বেলায় পরীক্ষার তথ্য সকালে ও বিকালে পৃথক পৃথক ভাবে উল্লেখিত সময়ের মধ্যে অবশ্যই Entry করতে হবে। এ ছাড়া ই-মেইলে তথ্য প্রেরণ করতে হবে। Entry- এ তথ্য প্রেরণের প্রক্রিয়াসমূহ :

১. www.bteb.gov.bd>অন লাইনে তথ্য প্রেরণ/গ্রহণ> Conter Examinee & Absent/Expelled তথ্য প্রেরণ> Center Examinee info Entry Dip in Textile (Link 1, Link 2, Link 3).
২. www.bteb.gov.bd>অন লাইনে তথ্য প্রেরণ/গ্রহণ> Conter Examinee & Absent/Expelled >Center Examinee info Entry Dip-in-Agriculture/fisheries/livestock examination information entry (Link 1, Link 2, Link 3).

পরীক্ষার তথ্য যথাসময়ে মন্ত্রণালয়ে প্রেরণের জন্য নীচে উল্লেখিত সময়ের মধ্যে কেন্দ্র হতে তথ্যাদি Entry করতে অনুরোধ করা হলো।

পরীক্ষার সময়	রিপোর্ট Online- এ Entry সময়।
সকাল ১০:০০ টা	সকাল ১০:০০টা হতে দুপুর ১.১০ মিনিট পর্যন্ত
বিকাল ২:০০ টা	বিকাল ০২:০০টা হতেবিকাল ৫.১০ মিনিট পর্যন্ত

উপরোল্লিখিত সময়ের পর Online-এ তথ্য প্রেরণ করা যাবে না। প্রতিষ্ঠান মূল্যায়ন পর্বের পরীক্ষার তথ্য পৃথকভাবে Entry করতে হবে। এছাড়াও অনুপস্থিত পরীক্ষার্থীর তথ্য প্রতিদিন সঠিকভাবে অনলাইনে এন্ট্রির জন্য নির্দেশনা প্রদান করা হলো।

বিষয়টি অতীব জরুরী।

স্বাক্ষরিত

(মোঃ কেপায়েত উল্লাহ)

পরীক্ষা নিয়ন্ত্রক

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা

স্মারক নং ৫৭.১৭.০০০০.৩১২.০২.৪৯৭.২৩.১২৮(১৪)

তারিখঃ ১৮-০৫-২০২৩ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে :

১. সিনিয়র সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহণ পুল ভবন, সচিবালয় লিংক রোড, ঢাকা-১০০০।
[দৃষ্টি আকর্ষণ : অতিরিক্ত সচিব (কারিগরি)]
২. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৩. মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, ঢাকা।
৪. মহাপরিচালক, বস্ত্র অধিদপ্তর, বিটিএমসি ভবন, ৭-৯ কাওরান বাজার, ঢাকা।
৫. মহাপরিচালক, প্রাণি সম্পদ অধিদপ্তর, খামারবাড়ী, ঢাকা।
৬. মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
৭. সচিব/পরিচালক (কারিকুলাম)/পরিচালক (আইটিসি)/পরিদর্শক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৮. অধ্যক্ষ/পরিচালক/প্রতিষ্ঠান প্রধান (সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান)।
৯. উপ-পরীক্ষা নিয়ন্ত্রক-গোপনীয়/সনদ/বিএম/ভোকঃ, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১০. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (নোটিশটি ওয়েবসাইটে -এ প্রকাশ করার জন্য অনুরোধ করা হ'ল)।
১১. সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক- ডিপ্লোমা/কৃষি/টেক্সটাইল/শর্টকোর্স, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১২. ইনফরমেশন অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৩. চেয়ারম্যান মহোদয়ের পার্সোনাল অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৪. নথি।

(ইঞ্জি: মোসাঃ ছালমা আক্তার)

সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক(কৃষি ও টেক্সটাইল)

ফোনঃ ০২-৫৫০০৬৫৪৪

মোবাইল : ০১৯৬৩-৮১৭৭৪৯